

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শুংখলা-১ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৭০.২০১৫- ৮৭৪

তারিখঃ ০৬.১২.২০১৬খ্রিঃ

আদেশ

যেহেতু, ডাঃ এ. এস. এম. আতাউর রহমান (৩২৯৮৯), সহকারী অধ্যাপক (প্যাথলজি বিভাগ), রংপুর মেডিকেল কলেজ, রংপুর এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর দায়ে ১৯.০১.২০১৬ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১৭০.২০১৫-৩৭নং স্মারকে বিভাগীয় মামলা বুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ০৫.০৪.২০১৬ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, রংপুর মেডিকেল কলেজের জন্য ডেন্টাল চেয়ার এবং ০৫(পাঁচ)টি এক্সেসরিজ ক্রয়ের বিষয়ে গত ০২.১২.২০১২ইং তারিখের সভার পর উল্লেখিত ক্রয় সংক্রান্ত বিষয়ে অধ্যক্ষ ও সভাপতি, দরপত্র মূল্যায়ন কমিটির সভাপতি অধ্যক্ষ অধ্যাপক ডাঃ মোঃ আব্দুর রউফ কোনরূপ সভা আহ্বান করেননি। অর্থাৎ আর কোন সভা অনুষ্ঠিত হয়নি। এপ্রেক্ষিতে ডাঃ এ. এস. এম. আতাউর রহমান (৩২৯৮৯) ক্রয় সংক্রান্ত বিষয়ে কোনভাবেই অবগত ছিলেন না মর্মে প্রতীয়মান। দরপত্র মূল্যায়ন কমিটিতে তিনি সদস্য-সচিব থাকিলেও ক্রয় সংক্রান্ত চূড়ান্ত পর্যায়ে তিনি জড়িত ছিলেন না মর্মেও প্রতীয়মান;

এক্ষণে, সেহেতু, ডাঃ এ. এস. এম. আতাউর রহমান (৩২৯৮৯), সহকারী অধ্যাপক (প্যাথলজি বিভাগ), রংপুর মেডিকেল কলেজ, রংপুর এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনাপূর্বক তাকে সতর্ক করা হল এবং ভবিষ্যতে আর্থিক নিয়মকানুন ও বিধিবিধান যথাযথভাবে অনুসরণপূর্বক দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

(বিমান কুমার সাহা এনডিসি)  
অতিরিক্ত সচিব

উপপরিচালক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস  
তেজগাঁও, ঢাকা।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৭০.২০১৫- ৮৭৪/১(২)

তারিখঃ ০৬.১২.২০১৬খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। যুগ্মসচিব (এফএমএইউ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। অধ্যক্ষ, রংপুর মেডিকেল কলেজ, রংপুর।
- ৫। উপসচিব (পার-১ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। উপপরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। ডাঃ এ. এস. এম. আতাউর রহমান (৩২৯৮৯), সহকারী অধ্যাপক (প্যাথলজি বিভাগ), রংপুর মেডিকেল কলেজ, রংপুর।

(আসমা তাসফিন)

উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১১৮.২০১৬- ৮৭৫

তারিখঃ ০৬.১২.২০১৬খ্রিঃ


আদেশ

যেহেতু, ডাঃ মোঃ জিয়াউর রহমান সিদ্দিকী (১১৪৮১৫), প্রভাষক (বায়োকেমিস্ট্রি), রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহী বিনানুমতিতে কর্মস্থলে অনপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ০৩.১০.২০১৬ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.১১৮.২০১৬-৬৯৩নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ২৩.১১.২০১৬ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীতে উপস্থাপিত কাগজপত্র ও বক্তব্য পর্যালোচনায় ডাঃ মোঃ জিয়াউর রহমান সিদ্দিকী (১১৪৮১৫) বর্তমানে বিরল Neurological রোগে মারাত্মকভাবে অসুস্থ মর্মে প্রতীয়মান হল;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ জিয়াউর রহমান সিদ্দিকী (১১৪৮১৫), প্রভাষক (বায়োকেমিস্ট্রি), রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহী এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে তাকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল। তার অসুস্থতার বিষয়টি বিবেচনায় নিয়ে তাঁর ০১.০১.২০১৬খ্রিঃ তারিখ হতে ০১.০৭.২০১৬ তারিখ পর্যন্ত এবং ০২.০৮.২০১৬ তারিখ হতে পুনরায় কর্মস্থলে যোগদানের পূর্ব দিন পর্যন্ত সময়কে পূর্ণ গড় বেতনে/অর্ধ গড়বেতনে অর্জিত ছুটি হিসেবে হিসেবে মঞ্জুর করা হলো।

  
(বিমান কুমার সাহা এনডিসি)  
অতিরিক্ত সচিব

উপপরিচালক


বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর  
তেজগাঁও, ঢাকা।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৩১.২০১৬- ৮৭৫/৯(৭)

তারিখঃ ০৪.১২.২০১৬খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৬। সহকারী সচিব (পার-৫ শাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। ডাঃ মোঃ জিয়াউর রহমান সিদ্দিকী (১১৪৮১৫), প্রভাষক (বায়োকেমিস্ট্রি), রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহী (স্থায়ী ঠিকানাঃ- স্থায়ী ঠিকানাঃ- পিতা-মৃত রিয়াজ উদ্দিন আহমেদ, অরন্যাক, দক্ষিণ চাউলিয়া পট্টা, সদর, দিনাজপুর-৫২০০)।

  
(আসমা তাসকিন)

উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)